

## নোয়াখালীতে তথ্য বিভাগে চর জরুর কলেজ বঞ্চিত

নিজস্ব সংবাদদাতা, নোয়াখালী, ২১  
জুন। - সুবর্ণচর উপজেলা  
প্রশাসনের দেয়া দূরত্বসীমার তথ্য  
বিভাগে বঞ্চিত কারণে  
সরকারীকরণে বঞ্চিত হচ্ছে চর  
জরুর ডিগ্রী কলেজ। এ নিয়ে গত  
কয়েকদিন ধরে কলেজের শিক্ষক,  
শিক্ষার্থী ও অভিভাবক মহলে তীব্র  
ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে।  
জানা গেছে, গত বছরের ৯  
অক্টোবর জেলা প্রশাসকের  
কার্যালয়ে প্রেরিত সুবর্ণচর  
উপজেলা নির্বাহী কর্মকর্তার  
কার্যালয়ের স্মারক নম্বর ৪২১-এর  
মাধ্যমে উপজেলার এমপিওভুক্ত  
কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়ের  
তথ্য প্রেরণের ছকে উপজেলা  
পরিষদ থেকে সৈকত ডিগ্রী  
কলেজের দূরত্ব পাঁচ  
কিলোমিটারের স্থলে তিন  
কিলোমিটার উল্লেখ করেন।  
অন্যদিকে, চর জরুর ডিগ্রী  
কলেজের দূরত্ব দুই কিলোমিটার  
দেখানো হয়।  
এতে দুইটি কলেজই উপজেলা

সদরের কলেজ হিসেবে অনেকটা  
সমানে গুরুত্ব লাভ করে।  
সুত্র জানায়, উপজেলা নির্বাহী  
কর্মকর্তা প্রেরিত ছকে উল্লেখিত  
তথ্যটি জানাজানি হওয়ার পর  
দূরত্বসীমায় তথ্য বিভাগে আপত্তি  
জানিয়ে চর জরুর ডিগ্রী কলেজের  
অধ্যক্ষ মোঃ শাহজাহান শিক্ষামন্ত্রী,  
সচিব শিক্ষা মন্ত্রণালয়,  
মহাপরিচালক মাধ্যমিক ও  
উচ্চশিক্ষা ও জেলা কাছে একটি  
চিঠি দেন।  
চিঠিতে অধ্যক্ষ অভিযোগ করেন,  
উপজেলা সদর থেকে পাঁচ  
কিলোমিটার দূরে হওয়ার পরও  
প্রেরিত ছকে দূরত্ব কমিয়ে তিন  
কিলোমিটার উল্লেখ করে সৈকত  
ডিগ্রী কলেজকে তালিকার এক  
নম্বরে স্থান দেয়া হয়েছে। এতে  
ইচ্ছাকৃতভাবে উপজেলা সদরের  
কাছাকাছি থাকা সত্ত্বেও চর জরুর  
ডিগ্রী কলেজকে খাটো করে  
দেখানো হয়েছে। তাই অধ্যক্ষ এ  
বিষয়ে কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা  
করেন।